

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
(নেজারত শাখা)
পোস্ট কোড -৩৬০০।
www.chandpur.gov.bd

নং : ০৫.৪২.১৩০০.৩১.০১.০৩৩.২০২৩- ৬২১

তারিখ : ৩১ জুলাই, ২০২৩ খ্রি।

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ নভেম্বর, ২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪০.১৬-২৯৩ নং স্মারকের ছাড়পত্রের আলোকে জেলা প্রশাসকের কার্যালয়ে নিম্নবর্ণিত পদে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
০১।	ইলেকট্রিশিয়ান ক্যাটাগরী-১	০১(এক)টি	২৪/০৮/ ২০২৩ তারিখে বয়স ১৮-৩০	সরাসরি নিয়োগের মাধ্যমে : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকারের স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টিটিসি হইতে ইলেকট্রিশিয়ান ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং ৩(তিন) বৎসরের চাকুরি অভিজ্ঞতা শর্তে পূরণযোগ্য।
০২।	প্রাঙ্গার ক্যাটাগরী-২	০১(এক)টি	২৪/০৮/ ২০২৩ তারিখে বয়স ১৮-৩০	সরাসরি নিয়োগের মাধ্যমে : মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সরকারের স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টিটিসি হইতে প্রাঙ্গার ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং ৩(তিন) বৎসরের চাকুরি অভিজ্ঞতা শর্তে পূরণযোগ্য।

শর্তাবলী :

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে :


পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক বেতন (গ্রেড ভিত্তিক)	সর্বমোট

- নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- ক্যাটাগরী-১ অনুযায়ী ইলেকট্রিশিয়ান এবং ক্যাটাগরী-২ অনুযায়ী প্রাঙ্গার পদে সাকুল্য বেতন নির্ধারিত হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০২২-২০২৩ অর্থবছরের আয়কর প্রদানের প্রত্যয়ন এবং আউটসোর্সিং পদে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে দায় বহন করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবেন।
- নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবেন।
- মন্ত্রণালয় হতে অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে নিয়োগকৃত কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করা হবে।
- নিয়োজিত কর্মচারীদেরকে অফিস সময়ের পরে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে অতিরিক্ত মূল্য/অর্থ প্রদান করা হবে না।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছকে আগামী ২৪.০৮.২৩ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের জন্য এক মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের নেজারত ডেপুটি কালেক্টর এর অফিস কক্ষে সামনে রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ১২.৩০ টায় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

২৬

: ০২ :

১৪। যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।


(কামরুল হাসান)
জেলা প্রশাসক
চাঁদপুর

ফোন : ০৮৪১-০২৩৩৪৪৮৫৬১১

মোবাইল : ০১৭৩০-০৬৭০৫০


ই-মেইল : dcchandpur@mopa.gov.bd.

নং : ০৫.৪২.১৩০০.৩১.০১.০৩৩.২০২৩-৫২১ (১০০)

তারিখ : ৬২ জুলাই, ২০২৩ খ্রি।

অনুলিপি : সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক(সকল)।
- ৫। পুলিশ সুপার, চাঁদপুর।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।
- ৭। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), চাঁদপুর।
- ৯। সহকারী কমিশনার (ভূমি)(সকল), চাঁদপুর।
- ১০। জেলা তথ্য অফিসার, চাঁদপুর।
- ১১। প্রোগ্রামার, আইসিটি, চাঁদপুর।
- ১২। সম্পাদক,। দরপত্র বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় সরকারি দর অনুযায়ী ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১২ সাইজের অক্ষরে ৪ ইঞ্চি ৩কলামে আগামী ০২/০৮/২৩ তারিখের মধ্যে শুধুমাত্র এক দিনের জন্য প্রকাশ অন্তে বিলসহ পত্রিকার ২কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড এ কার্যালয়।


জেলা প্রশাসক
চাঁদপুর।